মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- অ/৪৮/নরসিংদী/ ৯২১৭ তারিখ : ১৪/৬/১৭

বিষয় : বিদ্যালয়ের এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : তাঁর ০৯/০৫/২০১৭ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা এস.আর.ও নং- ৯৯/আইন/২০০৯-এর ৩৯(১)নং ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দ সমন্বয়ে গঠিত **খিদিরপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের** এডহক কমিটি পত্র ইস্যুর তারিখ থেকে ৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে। এ মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০১১ তারিখের শিম/শাঃ১১/১০-১১/২০০৯/১৭১ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯" এর ৪১(২) (খ)৪ অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি-কে শিক্ষক-কর্মচারী নিয়োগের যে ক্ষমতা দেয়া হয়েছে তা কেবল মাত্র নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির মাধ্যমে সম্পন্ন করতে হবে। কোনক্রমেই এডহক বা বিশেষ ধরনের কমিটি/গভর্নিং বডির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না। **উল্লেখ্য, এ কমিটির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদী বন্ধ করা হবে।**

১। ড. শ্রীকান্ত কুমার চন্দ	সভাপতি	বোর্ড কর্তৃক মনোনীত।
২। জনাব ছিদ্দিকুর রহমান গোলাপ	অভিভাবক সদস্য	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত। পত্র নং- ৩৭৩ তারিখ- ০৪/০৫/২০১৭
৩। জনাব মোঃ আশিকুর রহমান	শিক্ষক প্রতিনিধি	জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত। পত্র নং- ১৮৪ তারিখ- ০৯/০৫/২০১৭
৪। প্রধান শিক্ষক	সদস্য সচিব	পদাধিকার বলে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক: **প্রধান শিক্ষক**
খিদিরপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়
পোঃ- খিদিরপুর, উপজেলা- মনোহরদী
জেলা- নরসিংদী।

মেমো নং- ৯২১৭ (৪) তারিখ : ১৪/৬/১৭

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।
২। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৩। সভাপতি, এডহক কমিটি, **খিদিরপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়।**
৪। অফিস কপি।

14.06.17

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।